

এই লভিনু সঙ্গ তব, সুন্দর হে সুন্দর !

পুণ্য হল অঙ্গ মম, ধন্য হল অন্তর

সুন্দর হে সুন্দর ॥

আলোকে মোর চক্ষুদুটি মুগ্ধ হয়ে উঠল ফুটি,

হৃদগগনে পবন হল সৌরভেতে মন্ত্র

সুন্দর হে সুন্দর ॥

এই তোমারি পরশরাগে চিত্ত হল রঞ্জিত,

এই তোমারি মিলনসুধা রইল প্রাণে সঞ্চিত ।

তোমার মাঝে এমনি ক'রে নবীন করি লও যে মোরে

এই জনমে ঘটালে মোর জন্ম-জনমান্তর

সুন্দর হে সুন্দর ॥

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Desh

Visit www.geetabitan.com for notation and other detail